

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮১১

পরিচ্ছেদঃ পুরুষদের জন্য লাল কাপড় পরিধানের অনুমতি।

بَابُ مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي لُبْسِ الحُمْرَةِ لِلرِّجَالِ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا عَبْثَرُ بْنُ الْقَاسِمِ، عَنِ الْأَشْعَتْ، وَهُوَ ابْنُ سَوَّارٍ عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فِي لَيْلَةٍ إِضْحِيَانٍ فَجَعَلْتُ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ رَأَيْتُ رَسُولَ الله عليه وسلم وَإِلَى الْقَمَرِ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ فَإِذَا هُوَ عِنْدِي أَنْظُرُ إِلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَإِلَى الْقَمَرِ وَعَلَيْهِ حُلَّةٌ حَمْرَاءُ فَإِذَا هُوَ عِنْدِي أَخْسَنُ مِنَ الْقَمَرِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ الْأَشْعَت .

وَرَوَى شُعْبَةُ، وَالثَّوْرِيُّ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبِ، قَالَ رَأَيْتُ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حُلَّةً حَمْرَاءَ. حَدَّثَنَا بِذَلِكَ مَحْمُودُ بْنُ غَيْلاَنَ حَدَّثَنَا وَكِيعٌ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَبِي إِسْحَاقَ وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ حَدَّثَنَا مَحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ بِهَذَا . وَفِي الْحَديثِ كَلاَمٌ أَكْثَرُ مِنْ هَذَا . قَالَ سَأَلْتُ مُحَمَّدًا قُلْتُ لَهُ حَديثُ أَبِي إِسْحَاقَ عَنِ الْبَرَاءِ أَصِبَ أَوْ حَديثُ جَابِرِ بْنِ سَمُرَةَ فَرَأًى كِلاَ الْحَديثِ لَكُ مَنْ هَذَا . وَفِي الْبَرَاءِ أَصِبَ أَوْ حَديثُ جَابِرِ بْنِ سَمُرَةَ فَرَأًى كِلاَ الْحَديثَيْنِ صَحَدِيثًا . وَفِي الْبَرَاءِ وَأَبِي جُحَيْفَةَ .

বাংলা

২৮১১. হান্নাদ (রহঃ) জাবির ইবন সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি এক চন্দ্রোজ্জ্বল রাতে একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে আরেকবার চঁদের দিকে তাকালাম। তাঁর শরীরে একটি লাল ডুরাযুক্ত পোষাক (হুল্লা) ছিল। তিনি আমার দৃষ্টিতে চাঁদের চেয়েও সুন্দর ছিলেন।

যঈফ, মুখতাসার শামাইল ৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮১১ [আল মাদানী প্রকাশনী]



এ হাদীসটি হাসান-গারীব। আশ'আছের রিওয়ায়ত ছাড়া এটি সম্পর্কে আমরা অবহিত নই।

শু'বা ও ছাওরী (রহঃ) আবু ইসহাক সূত্রে বারা ইবন আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর গায়ে লাল বর্ণের হুল্লা দেখেছি। সহীহ।

উক্ত হাদীসটি মাহমূদ ইবন গায়লান ও মু□হাম্মাদ ইবন বাশশার ... আবূ ইসহাক থেকে রিওয়ায়ত করেছেন। উক্ত রিওয়ায়তে এর চেয়ে অধিক আলোচনা রয়েছে। ইমাম তিরমিয়ী (রহঃ) বলেন, আমি ইমাম বুখারী (রহঃ)-কে জিজ্ঞাসা করলাম, আবূ ইসহাক (রহঃ) বারা থেকে বর্ণিত হাদীসটি অধিক সহীহ, না, জাবির ইবন সামুরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত হাদীসটি অধিক সহীহ। তিনি উভয় হাদীস সহীহ বলে অভিমত ব্যক্ত করেছেন। এ বিষয়ে বারা ও আবূ জুহায়ফা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদিস বর্ণিত আছে।

English

Narrated Jabir Bin Samurah:

"I saw the Prophet (ﷺ) on a clear night, so I looked at the Messenger of Allah (ﷺ) and at the moon, and he was wearing a red Hullah, and he looked better than the moon to me."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবন সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন